দৈনিক বাংলা

তারিখ 19 DEC 1989
পৃষ্ঠা ৩ কলাম ৮

ঢাকা ভার্সিটি সিন্ডিকেট

# কাল শিক্ষক প্রতিনিধি নির্বাচন

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ নির্বাহী সংস্থা সিন্ডিকেটের শিক্ষক প্রতিনিধিদের নির্বাচন আগামীকাল বুধবার অনুষ্ঠিত হতে যাচ্ছে। নির্বাচনকে সামনে রেখে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের তিনটি দল—সাদা, নীল ও গোলাপী

(শেষ পৃঃ ৮-এর ১ কঃ দ্রঃ)

## নির্বাচন

(প্রথম পৃঃ পর)

প্যানেল জোর নির্বাচনী তৎপরতা শুরু করেছে।

১৭ সদস্য বিশিষ্ট ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটে ৬ জন শিক্ষক প্রতিনিধি শিক্ষকদের সরাসরি ভোটে নির্বাচিত হয়ে থাকেন।

এবারের নির্বাচনে ডীন প্রতিনিধি হিসেবে সিন্ডিকেট সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন সমাজ বিজ্ঞান অনুষদের ডীন ডঃ আনোয়ারউল্লাহ চৌধুরী (সাদা) এবং বিজ্ঞান অনুষদের ডীন ডঃ এম আমিনুল ইসলাম (নীল)। গোলাপী দল ডীন প্রতিনিধি হিসাবে নির্বাচনে কোন প্রার্থী দাঁড় করাতে পারেনি।

প্রভোস্টদের প্রতিনিধি হিসাবে নির্বাচনে দাঁড়িয়েছেন শহীদুল্লাহ হলের প্রভোস্ট ডঃ মাহতাবউদ্দীন আহমেদ (নীল) এবং জিয়াউর রহমান হলের প্রভোস্ট ডঃ আ ফ ম খোদাদাদ খান (গোলাপী)। সলিমুল্লাহ হলের প্রভোস্ট ডঃ কে এম মোহসীন (সাদা) পদত্যাগ করায় তিনি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারছেন না।

অধ্যাপকদের প্রতিনিধি হিসাবে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন মৃত্তিকা বিজ্ঞান বিভাগের ডঃ এস এম এ ফায়েজ (সাদা), ও আমিনুল ইসলাম (নীল) এবং ইতিহাস বিভাগের ডঃ আবদুল মমিন চৌধুরী (গোলাপী)।

সহযোগী অধ্যাপকদের প্রতিনিধি হিসাবে নির্বাচনে দাঁড়িয়েছেন রসায়ন বিভাগের ডঃ হুমায়ুন আহমেদ (সাদা), অর্থনীতি বিভাগের ডঃ এ টি এম জহুরুল হক (নীল) এবং সমাজবিজ্ঞান বিভাগের ডঃ মোঃ নজরুল ইসলাম (গোলাপী)।

সহকারী অধ্যাপকদের প্রতিনিধি হিসাবে নির্বাচনে দাঁড়িয়েছেন রসায়ন বিভাগের ডঃ মোঃ আনোয়ার হোসেন (সাদা), রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ডঃ মোঃ মোস্তফা চৌধুরী (নীল) এবং মার্কেটিং বিভাগের জনাব মিজানুর রহমান (গোলাপী)।

প্রভাষকদের প্রতিনিধি হিসাবে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন মার্কেটিং বিভাগের জনাব এ বি এম শহীদুল ইসলাম (সাদা), উদ্ভিদবিদ্যা বিভাগের ডঃ মোঃ ইমদাদুল হক (নীল), এবং ফার্মেসী বিভাগের জনাব দীপক কান্তি চৌধুরী (গোলাপী)।